

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪৬.০১৬.০০.০০.০০৬.২০১৭-১৩২৬

তারিখ: ০২ নভেম্বর ২০১৭।

বিষয়: উপজেলা পরিষদ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইড লাইন ২০১৭ (খসড়া) এর উপর মতামত/সুপারিশ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর দপ্তরের স্মারক নং-৯৬;তারিখ: ০৪ অক্টোবর ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত উপজেলা পরিষদ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইড লাইন ২০১৭ (খসড়া) এর উপর স্থানীয় সরকার বিভাগের মতামত/সুপারিশ নিম্নরূপভাবে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো:

অনুচ্ছেদ-১২(ঘ): অনুচ্ছেদটি বাদ দেয়ার সুপারিশ করা হলো।

অনুচ্ছেদ-১৩: “সংশ্লিষ্ট পরিষদের সচিব”-এর পরিবর্তে “সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান” শব্দগুলো প্রতিস্থাপন।

অনুচ্ছেদ-১৩(৪)(গ): “সিদ্ধান্ত ইতিবাচক হইলে চেয়ারম্যান, পরিষদ কর্তৃক নির্ধারিত শর্তে”-এ শব্দগুলোর পরিবর্তে “সিদ্ধান্ত ইতিবাচক হইলে, পরিষদ কর্তৃক নির্ধারিত শর্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান আবেদনকারীর”- শব্দগুলো প্রতিস্থাপন।

অনুচ্ছেদ-১৬(১): “পরিষদের সভায় আলোচনাক্রমে চেয়ারম্যান” এই শব্দগুলোর পরিবর্তে “.....পরিষদের সভায় আলোচনাক্রমে পরিষদের সিদ্ধান্তের আলোকে উপজেলা পরিষদ চেয়ারম্যান”-শব্দগুলো প্রতিস্থাপন।

অনুচ্ছেদ-১৭: ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-কে সদস্য করা প্রয়োজন।

অনুচ্ছেদ-১৯(৪): গ্রাম আদালতের তফসিল ও সরকারি পাওনা আইন, ১৯১৩ এর তফসিলে এ সংক্রান্ত ক্ষতিপূরণ আদায়ের বিষয় অন্তর্ভুক্ত আছে কিনা/অন্তর্ভুক্ত করার সুযোগ রয়েছে কিনা তা পুনঃপরীক্ষা করা যেতে পারে।

অনুচ্ছেদ-২৫: আপিল কর্তৃপক্ষ হিসেবে উল্লিখিত উপজেলা কমিটির কোন রূপরেখা দেওয়া নাই। আপীল কর্তৃপক্ষ ও কমিটি নির্ধারণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ-৩৫: উপজেলা পরিষদ আইন, ১৯৯৫ এর পরিবর্তে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ হবে।

J. M. Zinn  
02/22/2017  
(ড. জুলিয়া মর্সন)  
উপসচিব

ফোন : ৯৫৬২২৪৭

E-mail: uzilgd@gmail.com

সিনিয়র সচিব

পানি সম্পদ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।